# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৭৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বৃষ্টি ও ঠান্ডা যদি যদিও দুটো এক সাথে না হয়; বরং এই দুটির কোন একটি হলেই, কোন ব্যক্তি জামা‘আত তরক করতে পারে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَطَرَ وَالْبَرْدَ لَا حَرَجَ عَلَى الْمَرْءِ فِي التَّخَلُّفِ عَنْ إِتْيَانِ الْجَمَاعَاتِ عِنْدَ انْفِرَادِ كُلِّ وَاحِدٍ مِنْهُمَا وَإِنْ لَمْ يجتمعا

---

আরবী

2077 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ نَافِعٍ: عَنِ ابْنِ عُمَرَ: أَنَّهُ أَذَّن بِضَجْنَانَ فِي لَيْلَةٍ بَارِدَةٍ وَقَالَ لِأَصْحَابِهِ: صَلُّوا فِي رِحَالِكُمْ فَإِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَأْمُرُ الْمُؤَذِّنَ يُؤَذِّنُ فِي اللَّيْلَةِ الْمَطِيرَةِ أَوِ الْبَارِدَةِ وَيَأْمُرُ أَصْحَابَهُ: أَنْ صلوا في رحالكم
الراوي : ابْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2077 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2/ 339 ـ 340): ق نحوه , ويأتي بعد حديثين.

বাংলা

২০৭৭. নাফে‘ রহিমাহুল্লাহ বলেন, “আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা প্রচন্ড শীতের এক রাতে দ্বোজনান নামক জায়গায় অবতরণ করেন এবং তিনি তাদেরকে নিজ নিজ বাসস্থানে সালাত আদায় করার নির্দেশ দেন এবং তিনি আমাদের কাছে বর্ণনা করেন যে, রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শীতের রাতে অথবা ঠান্ডা রাতে মুয়ায্যিন ও সাহাবীদেরকে আদেশ করতেন যে, আপনারা নিজ নিজ বাসস্থানে সালাত আদায় করুন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৩৩; আবূ দাঊদ: ১০৬৪; সুনান বাইহাকী: ৩/৭১; আবূ আওয়ানা: ২/১৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২/৩৩৯-৩৪০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নাফি‘ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91395

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন